



বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলভারিং, সম্মানে অর্থায়ন প্রতিরোধ ও আরএমডি
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

dgmamlcft@krishibank.org.bd
Phone: ০২২২৩৩৮৪৪৮৬

নং- প্রকা/এএমএল-৫(CIF)/২০২৫-২০২৬/৩৩৮৬

অতীব জরুরী

০৮ জানুয়ারী ২০২৬

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়।
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
ব্যবস্থাপক, সকল শাখা (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : নগদ লেনদেন রিপোর্ট (CTR) সাপ্তাহিক ভিত্তিতে BFIU বরাবর দাখিল প্রসঙ্গে।

মহোদয়,

উপরিউক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিএফআইইউ সার্কুলার নং-১, তারিখ : ০৮/০১/২০২৬ এর মাধ্যমে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নগদ লেনদেন রিপোর্ট (CTR) সাপ্তাহিক ভিত্তিতে (প্রতি সপ্তাহের রিপোর্ট পরবর্তী ৩ কার্যদিবসের মধ্যে) দাখিল করার নির্দেশনা প্রদান করা হয় যা, ১১ জানুয়ারি ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।


০৩। সে প্রেক্ষিতে, ১ জানুয়ারি ২০২৬ থেকে ১০ জানুয়ারি ২০২৬ মেয়াদের CTR আগামী ১২ জানুয়ারি ২০২৬ এর মধ্যে পোর্টালে Posting সম্পন্ন করতে হবে এবং পরবর্তীতে দৈনিক ভিত্তিতে পোর্টালে Posting দেয়ার জন্য সংশ্লিষ্টগণকে অনুরোধ করা হলো।

০৪। প্রসঙ্গত, BFIU সার্কুলার নং-২৬ অনুযায়ী কোনো একটি হিসাবে একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে ১০ লক্ষ টাকা বা তদুর্ধ্ব অর্থের বা সমমূল্যের বৈদেশিক মুদ্রার জমা বা উত্তোলনের ক্ষেত্রে (অনলাইন, এটিএমসহ যে কোনো ধরনের নগদ জমা বা উত্তোলন) CTR দাখিল করতে হবে।

০৫। উল্লেখ্য, যথাসময়ে CTR দাখিলে ব্যর্থতা অথবা ভুল, অসম্পূর্ণ বা মিথ্যা তথ্য বা বিবরণী সরবরাহ অথবা এতদসংক্রান্ত নির্দেশনা লঙ্ঘনের ক্ষেত্রে BFIU কর্তৃক অন্যান্য ৫০(পঞ্চাশ) হাজার টাকা এবং সর্বোচ্চ ২৫(পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত জরিমানার বিধান রয়েছে।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত


(এফ এম এ রহিম)

উপমহাব্যবস্থাপক

ও

উপপ্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

সদয় অবগতি :

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, CAMLCO মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

০৫। নথি/মহানথি।